## ১৩. জাতীয় মান প্রতিষ্ঠান (National Standards Body) হিসেবে বিএসটিআই জনসেবামূলক যেসব কাজ করছে সংক্ষেপে তা নিম্নে দেয়া হলোঃ

১। মান উইং দেশের আর্থ সামাজিক প্রযুক্তি, কারিগরী জ্ঞান এবং রপ্তানী বাণিজ্যের প্রতি লক্ষ্য রেখে কৃষি ও খাদ্য, পাট ও বস্ত্র, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স, রসায়ন ও প্রকৌশল এ পাঁচটি বিভাগের মাধ্যমে পণ্যের জাতীয় মান প্রণয়ন করে থাকে। ৬টি বিভাগীয় কমিটির অন্তর্গত ৭২ টি শাখা কমিটি/কারিগরী কমিটি জাতীয় মান প্রণয়নের কাজে নিয়োজিত রয়েছে। বিএসটিআই ১৯৭৪ সালে আইএসও সদস্যপদ লাভ করে। National Standards Body (NSB) হিসেবে বিএসটিআই ISO, Codex, AFIT এর ফোকাল পয়েন্ট।

২। সার্টিফিকেশন মার্কস কার্যক্রমের মাধ্যমে পণ্যসামগ্রীর মান নিয়ন্ত্রণ ও গুণগত মানের নিশ্চয়তা বিধান করা হয়। উৎপাদিত পণ্যের মান নিয়ন্ত্রণ ও গুণগত মান উন্নয়নে উদ্বুদ্ধকরণ ও পরামর্শ প্রদানও এ উইং এর দায়িত্ব। স্বেচ্ছা ও বাধ্যতামূলক উভয় পদ্ধতিতেই এ কার্যক্রম বাস্তবায়িত হয়ে থাকে। এ পর্যন্ত সরকার কর্তৃক গেজেটের মাধ্যমে ১৬৬ টি পণ্যকে বাধ্যতামূলক সার্টিফিকেশন মার্কস এর আওতায় আনা হয়েছে। গুণগতমান সনদ কিংবা গুণগতমানের প্রতীক চিহ্ন ব্যবহার ছাড়া এ সকল পণ্য বাজারজাতকরণ আইনত দন্ডনীয় ও শাস্তিযোগ্য অপরাধ। পণ্যের গুণগত মান নিশ্চিতকল্পে বাজার আকষ্মিক পরিদর্শনের মাধ্যমে বিভিন্ন পণ্য মান যাঁচাই করা হয়। এ ছাড়া নিয়মিতভাবে ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে নকল/ ভেজাল পণ্য চিহ্নিতকরণ ও নিম্নমানের পণ্য উৎপাদন/ আমদানী ও বাজারজাতকরণ বন্ধ করার কার্যক্রম পরিচালনা করা হয়।

৩। ‘The Standards of Weights and Measures Ordinance, ১৯৮২’ অধ্যাদেশের মাধ্যমে সারাদেশে ওজন ও পরিমাপের মেট্রিক পদ্ধতি প্রচলন ও বাস্তবায়ন তদারকি এবং আইন প্রয়োগের মাধ্যমে নিশ্চিতকরণ ছাড়াও ক্যালিব্রেশন ও ভেরিফিকেশন কাজ সম্পাদন করা হয়। এ কার্যক্রমের আওতায় বিএসটিআই সারাদেশে বাটখারা, দাঁড়িপাল্লা, মিটার, লিটার ইত্যাদি যন্ত্রপাতির ভেরিফিকেশন কাজও করে থাকে।

৪। পরীক্ষণ উইং এর মাধ্যমে পণ্যের সঠিকতা বাংলাদেশ স্ট্যান্ডর্ডস বা মান অনুযায়ী সঠিক আছে কিনা তা যাঁচাই করা হয়।

৫। জনসাধারন/ভোক্তা সাধারণকে বিভ্রান্তি ও হয়রানির হাত হতে রক্ষার্থে সকল প্যাকেটজাত পণ্যের উপর যথাযথ নিয়ন্ত্রণের লক্ষ্যে ‘‘বাংলাদেশ স্ট্যান্ডার্ড ওজন এবং পরিমাপ (পণ্যসামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭’’ শিরোনামে একটি বিধি প্রণয়ন করা হয়েছে। উক্ত বিধিমালা অনুযায়ী পণ্যের মোড়কে উৎপাদিত পণ্যের উপাদান, প্রকৃত ওজন, উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, খুচরা বিক্রয়মূল্য ইত্যাদি সঠিকভাবে লিপিবদ্ধ করা বাধ্যতামূলক করা হয়েছে।

৬। বিএসটিআই’র সেবামূলক কার্যক্রম আরো স্বচ্ছ ও ত্বরান্বিত করতে সিটিজেন চার্টার (নাগরিক অধিকার সনদ) তৈরী করা হয়েছে। যেখানে বিএসটিআই’র সেবা ধর্মী কার্যক্রম সম্পাদনের সময়সীমা নির্ধারন এবং এসব সেবা পেতে কি হারে ফি দিতে হবে তার উল্লেখ রয়েছে। সিটিজেন চার্টারটি জনগনের জন্য বিএসটিআই ওয়েবসাইটে সন্নিবেশ করা আছে।

**বিএসটিআই'র দায়িত্ব :**

দেশের মান নিয়ন্ত্রণকারী একমাত্র প্রতিষ্ঠান হিসেবে বিএসটিআই'র মূল দায়িত্ব হচ্ছেঃ

ক) দেশে উৎপাদিত শিল্পপণ্য, বৈদ্যুতিক ও প্রকৌশল পণ্য, খাদ্য ও কৃষিজাত পণ্যের উৎপাদন প্রক্রিয়া ও পরীক্ষণ পদ্ধতির জাতীয় মান প্রণয়ন।

খ) প্রণীত মানের ভিত্তিতে পণ্যসামগ্রীর গুণগত মান পরীক্ষণ/বিশ্লেষণ এবং পণ্যের গুণগত মানের নিশ্চয়তা বিধান।

গ) দেশে ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে মেট্রিক পদ্ধতির প্রচলন, বাস্তবায়নসহ ওজন ও পরিমাপের সঠিকতা তদারকি ও নিশ্চিতকরণ।

সুষ্ঠুভাবে এ সকল কর্মকান্ড সম্পাদনের মাধ্যমে দেশে শিল্পের বিকাশ, মান সম্পন্ন পণ্য উৎপাদন এবং পণ্য মানকে বর্তমান মুক্তবাজার অর্থনীতির প্রতিযোগিতায় উপযোগী করে তোলা বিএসটিআই'র লক্ষ্য। এ লক্ষ্যকে সামনে রেখে অবাধ বাণিজ্যের পরিবেশে পণ্য মানকে আন্তর্জাতিক বাজারের উপযোগী করে তুলতে বিএসটিআই কাজ করে যাচ্ছে।

৭। **ওয়ান স্টপ সার্ভিস সেন্টার :**

নির্ধারিত সময়সীমা অনুযায়ী সকল সেবা এক জায়গা থেকে প্রদানের লক্ষ্যে ২৪ ফেব্রুয়ারী ২০০৮ তারিখ থেকে বিএসটিআইতে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালু করা হয়েছে। এ সেন্টারের সেবা সমূহঃ

ক) জনসাধারণকে সিটিজেন চার্টার মোতাবেক নির্ধারিত সময়ে পন্য পরীক্ষণ প্রতিবেদন প্রদান নিশ্চিত করা;

খ) অকৃতকার্য পণ্যের ক্ষেত্রে ৪৮ ঘন্টার মধ্যে অকৃতকার্যতার কারণসহ পরীক্ষণ ফলাফল গ্রাহককে অবহিত/সরবরাহ নিশ্চিতকরণ;

গ) এসএমই শিল্প এবং মহিলা উদ্যোক্তাদের দ্রুত সেবা প্রদান;

ঘ) পণ্যের গুণগত মানের লাইসেন্স দ্রুত প্রদান;

ঙ) মিডিয়া সেলের মাধ্যমে স্বচ্ছতা আনয়ন;

চ) মান বিক্রয়।

**********************

**BSTI is a public service done as a National Standards Body, in a nutshell:**

1. Standard Wing formulates national standards of product through five divisions in the fields of agricultural and food, jute and textiles, electrical and electronics, chemistry and engineering, aiming at the country's socio-economic technology, technical knowledge and export trade. 72 branch committees / technical committees under 6 divisional committees are engaged in making national standards. BSTI got ISO membership in 1974. Focal Point of BSTI ISO, Codex, AFIT as National Standards Body (NSB).

2. The Certification Marks program provides quality control and quality assurance for the product quality. The wing's responsibilities also provide motivation and advice for the quality control and quality improvement of the product. This program is implemented in both voluntary and compulsory ways. So far, 166 products have been brought under the mandatory certification mark under the gazette by the government. Marketing of these products without the use of quality certificates or quality symbols is a punishable offense and punishable offense. To ensure the quality of the product, various products are appraised through market inspection. In addition, the routine conduct of mobile courts is to identify fake / adulterated goods and to stop the production / import and marketing of low quality products.

3. Through the 'Standards of Weights and Measures Ordinance, 1982' Ordinance, monitoring and implementation of metric system of weight and measurement across the country, besides ensuring confirmation of law enforcement and law enforcement, calibrations and verification work is carried out. Under this program, BSTI also performs verification of bottles, scales, meters, litter etc., across the country.

4. Whether the accuracy of the product through the testing wing is accurate according to Bangladesh standards or standards.

5. In order to ensure proper control over all packaged goods in order to avoid confusion and harassment of the public / consumer general, a rule has been formulated under the heading "Bangladesh Standard Weights and Measures (Printing Product Content) Rules, 2007". According to the rules, it has been compulsory to correctly record the product material, actual weight, date of production, expiration date, retail sales price etc.

6. Citizen Charter has been created to make BSTI's services more transparent and expeditious. There is a mention of the deadline for the services of BSTI to perform religious activities and the fees charged to get these services are mentioned. The Citizen Charter is inserted on BSTI website for the public.

**BSTI Responsibilities:**

The main responsibility of BSTI as the only organization to control the country is: A) National standard of production of industrial products, electrical and engineering products, production process and testing system of food and agricultural products. B) Guarantee quality analysis / analysis of product quality and assurance of product quality standards.

C) Regarding the implementation of metric system in trade and commerce in the country, including the implementation of weight and measurement accuracy, monitoring and confirmation. BSTI aims to achieve the benefits of industrialization of the country, production of quality products, and the quality of product being made to compete in the open market economy of the country by performing these activities properly.

In view of this goal, BSTI has been working to make the quality of commodity market competitive in the free trade environment.

7. One Stop Service Center:

One stop service center has been opened at BSTI from February 24, 2008 to provide all the services in one place according to the prescribed deadline. Services at the Center

A) To ensure delivery of product verification report to the public according to the Citizen Chart;

B) Confirmation of supply / confirmation of the customer with the reason of failure in the 48 hours due to the failure of the product;

C) Providing fast service to SME industries and women entrepreneurs;

D) Fast delivery of product quality;

E) Bring transparency through media cell;

F) Value sales.